

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
জেলা পরিষদ শাখা  
www.lgd.gov.bd



নং-৪৬.০০.০০০০.০৪২.২২.০০৯.২০২১-৩৬৬

তারিখ: ১৬ ফাল্গুন ১৪২৭  
০১ মার্চ ২০২১


বিষয়: জেলা পরিষদের কর্মচারী নিয়োগ ও পদোন্নতি সংক্রান্ত বাছাই কমিটি পুনর্গঠন সংক্রান্ত।

স্থানীয় সরকার বিভাগের ০১/১১/২০১৫ তারিখের ৪৬.০৪২.০১১.০২.০০.০০২.২০১৪.৪০১৬নং স্মারকে গঠিত জেলা পরিষদের কর্মচারী নিয়োগ ও পদোন্নতি সংক্রান্ত বাছাই কমিটি নিম্নরূপভাবে নির্দেশক্রমে পুনর্গঠন করা হলো:

১)	প্রধান নির্বাহী কর্মকর্তা/সচিব (যেখানে প্রধান নির্বাহী কর্মকর্তা ও সচিব কর্মরত আছেন সেখানে প্রধান নির্বাহী কর্মকর্তা আহ্বায়ক এবং সচিব সদস্য হিসেবে দায়িত্ব পালন করবেন)	আহ্বায়ক
২)	জেলা প্রশাসকের প্রতিনিধি (সহকারী কমিশনার/সিনিয়র সহকারী কমিশনার)/উপপরিচালক, স্থানীয় সরকার (যেখানে সচিব ভারপ্রাপ্ত প্রধান নির্বাহী কর্মকর্তার দায়িত্ব পালন করবেন সেখানে উপপরিচালক, স্থানীয় সরকার এর পরিবর্তে জেলা প্রশাসকের প্রতিনিধি সদস্য হিসেবে দায়িত্ব পালন করবেন)	সদস্য
৩)	সিভিল সার্জন এর প্রতিনিধি	সদস্য
৪)	জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা	সদস্য
৫)	বিআরটিএ এর প্রতিনিধি (ড্রাইভার নিয়োগের ক্ষেত্রে)	সদস্য
৬)	সহকারী প্রকৌশলী	সদস্য-সচিব

২। জেলা পরিষদের ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারী নিয়োগ সংক্রান্ত ২৮/০৯/২০১০ তারিখের জেপশা/বাজেট-৩/২০০৯/২৬৬১নং স্মারকের জারীকৃত নীতিমালা যথাযথভাবে অনুসরণ করতে হবে।

৩। এছাড়াও নিয়োগের ক্ষেত্রে স্থানীয় সরকার বিভাগ হতে সময় সময় জারীকৃত বিধি-বিধান, পরিপত্র, আদেশ ও নির্দেশাবলী অনুসরণ করতে হবে।

  
(মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী)  
উপসচিব  
ফোন:৯৫৭৫৫৬৮  
Email:lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা

৬১টি জেলা পরিষদ, (৩টি পার্বত্য জেলা ব্যতীত)।

অনুলিপি (জ্ঞাতার্থে/কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। বিভাগীয় কমিশনার,.....বিভাগ (সকল)।
- ৪। পরিচালক, স্থানীয় সরকার, .....বিভাগ (সকল)।
- ৫। যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। জেলা প্রশাসক, ৬১টি জেলা (৩টি পার্বত্য জেলা ব্যতীত)।
- ৮। সিভিল সার্জন, ৬১টি জেলা (৩টি পার্বত্য জেলা ব্যতীত)।
- ৯। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, ৬১টি জেলা (৩টি পার্বত্য জেলা ব্যতীত)।
- ১০। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১১। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।